সৃজনশীল বাংলাদেশ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিল্পকলা একাডেমি, সিলেট
shilpakala.sylhet.gov.bd

মুজিব শতবর্ষ ১০০

৪৩.২০.৯১০০.০০১.১৬.০০১.১৯.৩৯৭ (১-৩)

২০ কার্তিক ১৪২৭
৫ নভেম্বর ২০২০

# অক্টোবর ২০২০ মাসের কার্যক্রমের তথ্যাদি

০১। **শিশু-কিশোর ও যুবকদের জন্য ভার্চুয়াল পদ্ধতিতে অনুষ্ঠান আয়োজন :** বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী ১ অক্টোবর ২০২০ তারিখে শিশু-কিশোর ও যুবকদের নিয়ে ভার্চুয়াল পদ্ধতিতে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। 'Art Against Corona' (a social & cultural movement through art) শীর্ষক চলমান শিল্পআড্ডার ১০১তম পর্বে জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের সঞ্চালনা ও সমন্বয়ে সাংস্কৃতিক পরিবেশনায় ছিলেন সিলেট জেলার শেখ মিকাইল উদ্দিন গিয়াস ও অর্পিতা তালুকদার অর্ণা; মৌলভীবাজারের স্বাগতা সাহা; সুনামগঞ্জের শ্রীপর্ণা দে এবং হবিগঞ্জের জয়দীপ দাশ গুপ্ত।

০২। **প্রবীণদের জন্য ভার্চুয়াল পদ্ধতিতে সংগীতানুষ্ঠান আয়োজন :** বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী ৮ অক্টোবর ২০২০ তারিখে প্রবীণদের নিয়ে ভার্চুয়াল পদ্ধতিতে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। 'Art Against Corona' (a social & cultural movement through art) শীর্ষক চলমান শিল্পআড্ডার ১০২তম পর্বে জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের সঞ্চালনা ও সমন্বয়ে সাংস্কৃতিক পরিবেশনায় ছিলেন একুশে পদকপ্রাপ্ত সিলেটের লোকসংগীত শিল্পী সুষমা দাস; জেলা শিল্পকলা একাডেমি সম্মাননাপ্রাপ্ত হবিগঞ্জের সংগীতশিল্পী সিদ্ধার্থ বিশ্বাস; জেলা শিল্পকলা একাডেমি সিলেটের সংগীত বিভাগের প্রশিক্ষক পূর্ণিমা দত্ত রায়; সুনামগঞ্জের বিশিষ্ট লোকসংগীতশিল্পী ও লোকগান সংগ্রাহক দেবদাস চৌধুরী এবং মৌলভীবাজারের বিশিষ্ট সংগীতশিল্পী ও শিক্ষক শান্তনা ভট্টাচার্য্য।

০৩। **লালন সাঁইজির ১৩০তম তিরোধান দিবস উপলক্ষ্যে অনলাইন ভিত্তিক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন :** বাংলাদেশ শিল্পকলা একাডেমির নির্দেশনা অনুযায়ী সিলেট জেলা শিল্পকলা একাডেমির উদ্যোগে লালন সাঁইজির এর ১৩০তম তিরোধান দিবস উপলক্ষ্যে ১৭ অক্টোবর ২০২০ তারিখ সন্ধ্যা ৬টায় একাডেমির মিলনায়তনে অনুষ্ঠানের আয়োজন করা হয়। করোনা ভাইরস জনিত সংকটের কারণে দর্শকবিহীন এই অনুষ্ঠানটি জেলা শিল্পকলা একাডেমি সিলেটের ফেসবুক পেইজে লালন সাঁইজীর গান নিয়ে 'মানুষ ভজলে সোনার মানুষ হবি' শিরোনামে সংগীতানুষ্ঠানটি সরাসরি সম্প্রচার করা হয়েছে। মাসুদ পারভেজের সঞ্চালনায় অনুষ্ঠানের শুরুতেই স্বাগত বক্তব্য রাখেন জেলা কালচারাল অফিসার জনাব অসিত বরণ দাশ গুপ্ত। এতে লালন সাঁইজির বিভিন্ন পর্যায়ের গান পরিবেশন করেন বিশিষ্ট বাউলশিল্পী সূর্য্যলাল দাস ও প্রতিশ্রুতিশীল সংগীতশিল্পী অর্ণিষা দাশ পর্ণা।

০৪। **জেলা শিল্পকলা একাডেমির বার্ষিক বাজেট সভা অনুষ্ঠিত :** জেলা প্রশাসক ও জেলা শিল্পকলা একাডেমির সভাপতি জনাব এম কাজী এমদাদুল ইসলামের সভাপতিত্বে ২৯ অক্টোবর ২০২০ তারিখ সিলেট জেলা শিল্পকলা একাডেমির বার্ষিক বাজেট সভা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সিলেট জেলা শিল্পকলা একাডেমির পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও নিশ্চিতকরণ; ২০১৯-২০২০ অর্থবছরের আয়-ব্যয়ের হিসাব অনুমোদন; ২০২০-২০২১ অর্থবছরের জন্য বাজেট প্রণয়ন ও অনুষ্ঠানমালার অনুমোদন এবং বিবিধ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। এতে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জনাব শারমিন সুলতানা, জেলা শিল্পকলা একাডেমির এডহক কমিটির সদস্য অধ্যাপক ড. আবুল ফতেহ ফাত্তাহ, জনাব মুক্তাদীর আহমদ ও জনাব গৌতম চক্রবর্ত্তী।

০৫। **বিশেষ চাহিদা সম্পন্ন শিল্পীদের নিয়ে অনুষ্ঠান আয়োজন :** বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী ৩১ অক্টোবর ২০২০ তারিখে বিশেষ চাহিদা সম্পন্ন শিল্পীদের নিয়ে ভার্চুয়াল পদ্ধতিতে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। 'Art Against Corona' (a social & cultural movement through art) শীর্ষক চলমান শিল্পআড্ডার ১০৩তম পর্বে জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের সঞ্চালনা ও সমন্বয়ে সাংস্কৃতিক পরিবেশনায় ছিলেন চ্যানেল আই সেরাকণ্ঠ ২০১4 এর ফাইনালিস্ট বিথী রাণী নাথ; জাতীয় পর্যায়ে পুরস্কারপ্রাপ্ত সংগীতশিল্পী ওয়াদুদ রাহুল এবং সিলেট গ্রীণ ডিসএ্যাবল্ড ফাউন্ডেশনের সংগীতশিল্পী সমীর রঞ্জন বিশ্বাস।

০৬। **অনুদান ও ভাতা প্রদানের লক্ষ্যে জেলা বাছাই কমিটির সভা আয়োজন :** সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ২০১০-২০২১ অর্থবছরে সক্রিয় সাংস্কৃতিক প্রতিষ্ঠান এবং আর্থিকভাবে অসচ্ছল সংস্কৃতিসেবীদের অনুদান ও ভাতা প্রদানের লক্ষ্যে ২৯ অক্টোবর ২০২০ তারিখে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা বাছাই কমিটির সভা আয়োজন করা হয়।

*[চলমান পাতা -২]*